# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 15, 1432 Bangla, February 28, 2026, Saturday, No. 59, 56th year

# H I G H L I G H T S

Bangladesh has strongly denounced Israel's recent land legislation aimed at annexing occupied Palestinian territory, calling it a violation of international law at the OIC meeting in Jeddah, Saudi Arabia. [Jago FM: 06]

State Minister for Foreign Affairs Shama Obaed Islam has said that the Ministry is actively working to resolve issues surrounding Indian visa services for Bangladeshi citizens. [Jago FM: 08]

LGRD and Cooperatives Minister Mirza Fakhrul Islam Alamgir has said the new government is working to make state institutions, long rendered ineffective, functional & properly institutionalized once again. [Jago FM: 06]

Jamaat-e-Islami SG Professor Mia Golam Parwar alleged that although voting in the recently concluded elections was fair, extensive engineering was done during the counting of votes, preparation and announcement of results. [Jago FM: 08]

Police's Anti-Terrorism Unit has filed a charge sheet against 25 people, including ousted PM Sheikh Hasina, in a case over the killing of 24-year-old Abuzar Sheikh in Gulshan during the July movement. [Jago FM: 06]

Police arrested 8 people including 7 female leaders of the banned Awami League's women's wing during a flash procession in Dhanmondi. [Jago FM: 06]

Police have arrested 5 people after a case had been filed in Narsingdi's Madhabdi over the abduction and killing of a teenage girl, allegedly to suppress a gang rape incident. [BBC: 03]

According to the reports of human rights organization Ain O Salish Kendra, incidents of various human rights violations, including violence against women & children, border violence & harassment of journalists, have increased at an alarming rate in Bangladesh in January this year. [Jago FM: 08]

A 5.4-magnitude earthquake was felt in various parts of Bangladesh & India including Dhaka & Kolkata. According to Meteorological Department's seismic centre the epicentre of the earthquake was located in Asaashuni of Satkhira. [DW: 04]

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ফাল্গুন ১৫, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ২৮, ২০২৬, শনিবার, নং- ৫৯, ৫৬তম বছর**

# শিরোনাম

সৌদি আরবের জেদ্দায় ওআইসি,র বৈঠকে অধিকৃত ফিলিস্তিনি ভূ-খণ্ড সংযুক্ত করার লক্ষ্যে ইসরায়েলের সাম্প্রতিক ভূমি-সংক্রান্ত আইনকে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন উল্লেখ করে তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ।
[জাগো এফএম: ০৬]

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেছেন, বাংলাদেশিদের জন্য ভারতীয় ভিসার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। [জাগো এফএম: ০৮]

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দীর্ঘদিন ধরে ভেঙে পড়া রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে আবারও কার্যকর ও প্রাতিষ্ঠানিক রূপ দিতে কাজ করছে নতুন সরকার।
[জাগো এফএম: ০৬]

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সদ্য সমাপ্ত নির্বাচনে ভোটগ্রহণ সুষ্ঠু হলেও ভোট গণনা, ফলাফল তৈরি ও ফলাফল ঘোষণার সময় ব্যাপক ইঞ্জিনিয়ারিং করা হয়েছে।
[জাগো এফএম: ০৮]

চব্বিশের জুলাই আন্দোলন চলাকালে রাজধানীর গুলশানে আবুজর শেখকে গুলি করে হত্যার অভিযোগে করা মামলায় শেখ হাসিনাসহ ২৫ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে পুলিশের এন্টি টেররিজম ইউনিট।
[জাগো এফএম: ০৬]

রাজধানীর ধানমন্ডিতে ঝটিকা মিছিলের সময় মহিলা আওয়ামী লীগের সাত নেত্রী ও তাদের বহনকারী মাইক্রোবাসের চালককে গ্রেফতার করেছে পুলিশ। [জাগো এফএম: ০৬]

ধর্ষণের ঘটনা ধামাচাপা দিতে নরসিংদী জেলার মাধবদীতে এক কিশোরীকে অপহরণ ও হত্যার অভিযোগে দায়ের করা মামলায় পাঁচজনকে গ্রেফতার করেছে পুলিশ। [বিবিসি: ০৩]

মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি মাসে বাংলাদেশে নারী ও শিশু নির্যাতন, সীমান্ত সহিংসতা এবং সাংবাদিক হেনস্তাসহ বিভিন্ন মানবাধিকার লঙ্ঘনের ঘটনা উদ্বেগজনক মাত্রায় বেড়েছে। [জাগো এফএম: ০৮]

ঢাকা ও কলকাতাসহ বাংলাদেশ-ভারতের বিভিন্ন জায়গায় ৫ দশমিক ৪ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। এর উৎপত্তিস্থল বাংলাদেশের সাতক্ষীরা জেলায় বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। [ডয়চে ভেলে: ০৪]

# বিবিসি

## ঢাকা ও কলকাতায় ভূমিকম্প অনুভূত

শুক্রবার দুপুর পৌনে ২টার দিকে ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে এবং ভারতের কলকাতায় ভূমিকম্প অনুভূত হয়েছে। বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, এটি ৫.৪ মাত্রার বা মাঝারি ভূমিকম্প ছিল। স্থানীয় সময় দুপুর ১টা ৫২ মিনিট ৪৯ সেকেন্ডে এটি অনুভূত হয় বলেও জানানো হয়েছে। এই ভূমিকম্পের উৎপত্তিস্থল ঢাকা থেকে ১৮৮ কিলোমিটার দূরে খুলনার সাতক্ষীরা জেলার আশাসুনি উপজেলায় দেখানো হয়েছে। যুক্তরাষ্ট্রের ভূমিকম্প পর্যবেক্ষণ সংস্থা ইউএসজিএসে এটি ৫.৩ মাত্রার বলে উল্লেখ করেছে। এদিকে, তাৎক্ষণিকভাবে আইফোনের অ্যালার্ট সিস্টেমে এটি রিখটার স্কেলে ৫.৪ ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ৪.৯ মাত্রার ভূমিকম্পের তথ্য দেখা যাচ্ছিল। বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী এলাকায় মাটির ৯.৮ কিলোমিটার গভীরে এটি হয়েছে বলে তথ্য দিচ্ছে ইউএসজিএস। কলকাতা থেকে বিবিসির সংবাদদাতা অমিতাভ ভট্টশালী জানিয়েছেন, সেখানেও শক্তিশালী কম্পন টের পাওয়া গেছে। অনেকে আতঙ্কে বিভিন্ন ভবন ছেড়ে রাস্তায় বা খোলা জায়গায় বের হয়ে যান।

মাত্র একদিন আগেই গত ২৫ ফেব্রুয়ারি রাতে দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প টের পাওয়া যায়। আবহাওয়া বিভাগের তথ্য অনুযায়ী, এর মাত্রা ছিল ৫.১ এবং ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ঢাকা থেকে ৪৬২ কিলোমিটার দূরে। গত নভেম্বরে রিখটার স্কেলে ৫ দশমিক ৭ মাত্রার ভূমিকম্প টের পাওয়া যায় ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে। অন্তত ১০ জন নিহত ও কয়েকশ মানুষ আহত হওয়ার খবর জানায় সরকার। বিভিন্ন জেলায় অনেক ভবনে ফাটলের তথ্যও পাওয়া গিয়েছিল ওই সময়। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০২.২০২৬ আলী আহমেদ)

## নরসিংদীতে ধর্ষণের পর কিশোরী হত্যা, যা জানা যাচ্ছে

রাতে বাবার সামনে থেকেই কিশোরীকে তুলে নেয় স্থানীয় একদল যুবক। অনেক খোঁজাখুজি করে পরদিন বৃহস্পতিবার সকালে গ্রামের একটি ফসলি জমি থেকে উদ্ধার করা হয় ওই কিশোরীর মরদহ। নরসিংদীর মাধবদী এলাকার এই ঘটনা নিয়ে চাঞ্চল্য তৈরি হয়েছে। এ নিয়ে সামাজিক মাধ্যমে যেমন আলোচনা-সমালোচনা চলছে, তেমনি নিন্দা জানানো হয়েছে বিভিন্ন রাজনৈতিক দল ও মানবাধিকার সংগঠনের পক্ষ থেকে। শুক্রবার দুপুর পর্যন্ত এই ঘটনায় জড়িত সন্দেহে পাঁচজনকে গ্রেফতার করার কথা জানিয়েছে পুলিশ। যদিও এই ঘটনায় মূল অভিযুক্তকে এখনও গ্রেফতার করা সম্ভব হয়নি। নরসিংদীর মাধবদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ কামাল হোসেন জানিয়েছেন, কিশোরী হত্যার ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। অন্য চার অভিযুক্ত এখনও পলাতক, তাদেরকে ধরতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলেও জানান তিনি। "মূল অভিযুক্তকে এখনও গ্রেফতার করা সম্ভব হয়নি। ঘটনার পর আসামিরা আত্মগোপনে চলে গেছে। আমরা জেলার বিভিন্ন স্থান থেকে গোপন তথ্য ও মোবাইল ট্র্যাকিংয়ের মাধ্যমে পাঁচজনকে গ্রেফতার করেছি„ জানান তিনি। এদিকে আলোচিত এই ঘটনার প্রেক্ষাপটে ওই এলাকা পরিদর্শন করেছেন ঢাকা রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক বা ডিআইজি রেজাউল করিম মল্লিক। নিহতের পরিবারের সঙ্গে কথা বলার পর তিনি জানান, "এই ঘটনায় ধর্ষক হিসেবে চারজন এবং সালিশকারী হিসেবে পাঁচজনের নাম উল্লেখ করে মোট নয়জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে।„ অভিযুক্তদের ধরতে পুলিশের একাধিক টিম সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে নরসিংদী জেলা ছাড়াও দেশের বিভিন্ন স্থানে অভিযান চালাচ্ছে বলেও জানান তিনি।

### ঘটনা সম্পর্কে যা জানা যাচ্ছে

নরসিংদীর মাধবদীতে পনেরো বছর বয়সি কিশোরীকে অপহরণের পর ধর্ষণ ও হত্যার এই ঘটনায় ওই কিশোরীর মা বাদি হয়ে একটি মামলা দায়ের করেছেন। মামলার এজাহার ও স্থানীয়দের দেওয়া তথ্য অনুযায়ী, বরিশালের বাসিন্দা হলেও বাবার চাকরির সুবাদে মাধবদীতে একটি ভাড়া বাসায় পরিবারের সঙ্গে বসবাস করত নিহত কিশোরী। এজাহারে অভিযোগ করা হয়েছে, দুই সপ্তাহ আগে বাড়ি ফেরার পথে স্থানীয় বখাটে যুবক নূর মোহাম্মদ ওরফে নূরাসহ কয়েকজন ওই কিশোরীকে তুলে নিয়ে ধর্ষণ করেছে। ঘটনাটি এলাকার সাবেক ওয়ার্ড মেম্বারসহ স্থানীয়দের হস্তক্ষেপে মীমাংসার চেষ্টা করা হয়। যদিও এরপর থেকেই ওই কিশোরী এবং তার পরিবারের জটিলতা আরও বাড়ে। স্থানীয় নেতাদের কাছে অভিযোগ করায়, তাদেরকে নানাভাবে হুমকি দেওয়া শুরু করে ওই যুবক এবং তার সহযোগীরা। এছাড়া, তাদেরকে এলাকা ছাড়ার হুমকি দেওয়া হয় বলেও মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে। এমন প্রেক্ষাপটে বুধবার সন্ধ্যায় ওই কিশোরীকে খালার বাড়িতে রেখে আসার জন্য রওয়ানা হন তার বাবা। স্থানীয় বিলপাড় এলাকায় পৌঁছুলে মামলার প্রধান আসামি নূরার নেতৃত্বে ছয়জন বখাটে পথরোধ করে বাবার সামনে থেকেই কিশোরীকে তুলে নিয়ে যায়। পরদিন তার মৃতদেহ পাওয়া যায় গ্রামের একটি ফসলি জমি থেকে। কিশোরীর মায়ের দায়ের করা মামলায় এই বিবরণ তুলে ধরা হয়েছে।

### সালিশ হয়েছিল স্থানীয় বিএনপি নেতার নেতৃত্বে

স্থানীয় গণমাধ্যম কর্মী আইয়ুব খান বিবিসি বাংলাকে জানান, ধর্ষণের বিচার চাইতে গিয়েই মূলত তোপের মুখে পড়ে ওই কিশোরী এবং তার পরিবার। স্থানীয় ইউপির সাবেক মেম্বারসহ কয়েকজন বিচারের দায়িত্ব নিলেও, পরবর্তীতে তাদেরকেই এলাকা ছাড়ার নির্দেশনা দেওয়া হয়। অভিযোগ উঠেছে, স্থানীয় ইউপি মেম্বার অপরাধীদের সাথে রফাদফা করে মোটা অঙ্কের অর্থ আত্মসাৎ করেন এবং কোনো বিচার না করেই ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন। নাম প্রকাশে অনিচ্ছুক ওই এলাকার একজন বাসিন্দা বিবিসি বাংলাকে বলেন, একদিকে ঘটনাটি যে-কোনো উপায়ে ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছিল। অন্যদিকে বিচার না হওয়ায় অপরাধীরা আরও বেপরোয়া হয়ে ওঠে। মামলার এজাহার সূত্রে জানা গেছে, অপহরণ ও ধর্ষণের ঘটনায় বিচার চেয়ে কিশোরীর পরিবার স্থানীয় মহিষাশুড়া ইউনিয়ন পরিষদের নয় নম্বর ওয়ার্ডের সাবেক সদস্য ও ইউনিয়ন বিএনপির নেতা আহম্মদ আলী দেওয়ানের কাছে বিচার চেয়েছিল। এই ঘটনায় নিহতের মায়ের দায়ের করা মামলায় এখন পর্যন্ত যে পাঁচজনকে পুলিশ গ্রেফতার করেছে, তার মধ্যে ওই বিএনপি নেতাও রয়েছেন।

এছাড়া তার ছেলে ইমরান দেওয়ান, মূল অভিযুক্ত নূর মোহাম্মদ ওরফে নূরার চাচাতো ভাই মোহাম্মদ আইয়ুব, একই এলাকার এবায়দুল্লাহ এবং হোসেন বাজার এলাকার গাফফার নামে একজনকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার ওই এলাকা পরিদর্শন শেষে ঢাকা রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক বা ডিআইজি রেজাউল করিম মল্লিক সাংবাদিকদের জানিয়েছেন, বেশ আগে থেকেই এই ঘটনা ঘিরে নানা কিছু ঘটলেও, ভুক্তভোগীর পরিবার আগে থানায় কোনো অভিযোগ করেননি। ”আমরা তাদেরকে বলেছি থানায় কেন বললেন না, থানায় যদি অভিযোগ করত, তাহলে এমন পরিস্থিতি হয়ত এড়ানো যেত,„ বলেন তিনি। এই ঘটনায় গ্রেফতার পাঁচজনকে আদালতে পাঠানো হয়েছে বলেও জানা গেছে। পুলিশের পক্ষ থেকে তাদেরকে ১০ দিনের রিমান্ডের আবেদন করা হলেও, ১ ফেব্রুয়ারি রিমান্ড শুনানির দিন ধার্য করে তাদেরকে জেল হাজতে পাঠানোর সিদ্ধান্ত দিয়েছেন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মেছকাতুল ইসলাম। পুলিশের একাধিক দল বাকি আসামি গ্রেফতারের চেষ্টা করছে বলে জানিয়েছেন মাধবদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ কামাল হোসেন। ময়নাতদন্ত শেষে নিহত কিশোরীর মরদেহ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০২.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার চেষ্টায় ভারতের প্রধানমন্ত্রীর ইসরায়েল সফর

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুই দিনের রাষ্ট্রীয় সফরে ইসরায়েল গেছেন। নিরাপত্তা এবং অন্যান্য ক্ষেত্রে দেশ দুটির মধ্যে সহযোগিতা জোরদার করতে আগ্রহী তিনি। বুধবার ইসরায়েলি সংসদে ভারতীয় নেতা তার প্রথম ভাষণ দেন। ২০২৩ সালের অক্টোবর মাসে ইসরায়েলের উপর হামাসের চালানো হামলায় নিহতদের প্রতি সমবেদনা প্রকাশ করেন তিনি। মোদী বলেন, ”আমরা আপনাদের ব্যথা অনুভব করি। আমরা আপনাদের দুঃখ ভাগ করে নিই। ভারত এই মুহূর্তে এবং তার পরেও দৃঢ়ভাবে, পূর্ণ বিশ্বাসের সাথে ইসরায়েলের পাশে দাঁড়িয়ে।„ পাশাপাশি, মোদি মার্কিন মধ্যস্থতায় গৃহীত গাজা শান্তি পরিকল্পনাকে ”সকলের জন্য একটি ন্যায্য ও টেকসই শান্তির প্রতিশ্রুতি„ হিসাবে অভিহিত করে এর সমর্থনেও বক্তব্য রাখেন।(এনএইচকে ওয়েবপেইজ: ২৭.০২.২৬ রনি)

## ডয়চে ভেলে

### তারেক রহমানকে কী বললেন ববিতা?

দশ বছরের বেশি সময় ধরে অভিনয়ে নেই ফরিদা আক্তার ববিতা। তাই সিনেমা সংশ্লিষ্ট কোনো আড্ডায় দেখা যায় না তাকে। বৃহস্পতিবার প্রধানমন্ত্রী তারেক রহমানের হাত থেকে একুশে পদক গ্রহণ করতে ববিতা গিয়েছিলেন ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে। পুরস্কার গ্রহণের ফাঁকে প্রধানমন্ত্রীর সঙ্গে সামান্য কথা হয় দেশবরেণ্য চলচ্চিত্র অভিনয়শিল্পী ববিতার। মুহূর্তটা চমৎকার ছিল বলে জানালেন এই অভিনয়শিল্পী। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে ববিতা বলেন, ”দেখা হতেই প্রধানমন্ত্রী আমাকে জিজ্ঞেস করলেন, ”কেমন আছেন?„ আমি বললাম, ভালো। তারপর আমি বললাম, আমার খুব ভালো লাগছে, আপনার কাছ থেকে পুরস্কার নিচ্ছি। এর আগে আপনার বাবার হাত থেকেও পুরস্কার নিয়েছি।„ এদিকে, পুরস্কার গ্রহণের পর সেখানে ভক্ত-শুভাকাঙ্ক্ষীদের আবদার মেটাতে সবার সঙ্গে হাসিমুখে ছবি তোলেন ববিতা। তিনি মজা করে বলেন, ”ছবি তুলতে তুলতে ক্লান্ত হয়ে গেছি। অনেক দিন পর এত মানুষের সঙ্গে ছবি তুললাম। ক্লান্ত হলেও মুহূর্তটা ছিল খুবই আনন্দের।„ ববিতা একুশে পদক উৎসর্গ করেছেন বরেণ্য চলচ্চিত্রকার জহির রায়হানকে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ রুবাইয়া)

### বাংলাদেশ ও ভারতের বিভিন্ন জায়গায় ভূমিকম্প অনুভূত

ঢাকা ও কলকাতাসহ বাংলাদেশ-ভারতের বিভিন্ন জায়গায় ভূমিকম্প অনুভূত হয়েছে। এর উৎপত্তিস্থল বাংলাদেশের সাতক্ষীরা জেলায় বলে জানিয়েছে দেশটির আবহাওয়া অধিদপ্তর। স্থানীয় গণমাধ্যম সংস্থাটির বরাতে জানিয়েছে, রিখটার স্কেলে উৎপত্তিস্থলে ভূমিকম্পের মাত্রা ৫ দশমিক ৪। ঢাকায় স্থানীয় সময় বেলা ১টা ৫২ মিনিট ২৯ সেকেন্ডে এই

ভূমিকম্প অনুভূত হয়েছে। এদিকে ভারতের কলকাতাসহ পশ্চিমবঙ্গের অন্যান্য জেলাতেও কম্পন অনুভূত হয়েছে। এর আগে, বুধবার রাতেও ঢাকাসহ বিভিন্ন জায়গায় ভূ-কম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৫ দশমিক ১। ওই ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল মিয়ানমারে। দুটি ভূমিকম্পই মাঝারি মানের বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে সেনাবাহিনীতে আরো রদবদল

বাংলাদেশ সেনাবাহিনীর উচ্চপর্যায়ে আরও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদে রদবদল করা হয়েছে। এর মধ্যে সেনাসদরের কোয়ার্টার্র মাস্টার জেনারেল (কিউএমজি), অ্যাডজুট্যান্ট জেনারেল (এজি), ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) ও লজিস্টিকস (লগ) এরিয়া জেনারেল অফিসার কমান্ডিংয়ের (জিওসি) দায়িত্বে পরিবর্তন আনা হয়েছে। বৃহস্পতিবার সেনা সদর থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। এর আগে, গত রোববার গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি পদে রদবদল করা হয়েছিল। বর্তমানে কোয়ার্টার্র মাস্টার জেনারেল হিসেবে দায়িত্ব পালনরত লেফটেন্যান্ট জেনারেল মো. ফয়জুর রহমানকে ন্যাশনাল ডিফেন্স কলেজের (এনডিসি) কমান্ড্যান্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এনডিসির কমান্ড্যান্ট লেফটেন্যান্ট জেনারেল মোহাম্মদ শাহীনুল হককে নতুন কোয়ার্টার্র মাস্টার জেনারেল করা হয়েছে। একইসঙ্গে, ১৯ পদাতিক ডিভিশনের জেনারেল অফিসার কমান্ডিং (জিওসি) মেজর জেনারেল হোসাইন আল মোরশেদকে সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল (এজি) হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। বর্তমানে অ্যাডজুট্যান্ট জেনারেল হিসেবে দায়িত্বে থাকা মেজর জেনারেল মো. হাকিমুজ্জামানকে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) কমান্ড্যান্ট করা হয়েছে। এদিকে, এমআইএসটির বর্তমান কমান্ড্যান্ট মেজর জেনারেল মো. নাসিম পারভেজকে প্রেষণে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। এ ছাড়া, ৬৬ পদাতিক ডিভিশনের জিওসি মেজর জেনারেল মোহাম্মদ কামরুল হাসানকে লগ এরিয়ার জিওসি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। বর্তমানে এই পদে থাকা মেজর জেনারেল মো. মোস্তাগাউসুর রহমান খান স্বাভাবিক নিয়মে অবসরে যাচ্ছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশের নরসিংদীতে কিশোরী অপহরণ ও হত্যার ঘটনায় গ্রেফতার ৪

ধর্ষণের ঘটনা ধামাচাপা দিতে বাংলাদেশের নরসিংদী জেলার মাধবদীতে এক কিশোরীকে অপহরণ ও হত্যার অভিযোগে দায়ের করা মামলায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে মাধবদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. কামাল হোসেন বলেন, "গতরাতে ওই কিশোরীর মা ফাহিমা বেগম মাধবদী থানায় আটজনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। মামলায় তার মেয়েকে অপহরণ করে ফসলের জমিতে হত্যার অভিযোগ আনা হয়েছে, যাতে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনা চাপা দেওয়া যায়।„ এ পর্যন্ত চারজনকে গ্রেফতার করা হয়েছে বলে জানান তিনি। বাকি আসামিদের গ্রেফতারে অভিযান চলছে। নিহতের বাবা আশরাফ হোসেনের অভিযোগ, প্রায় দু,সপ্তাহ আগে নুরুলের নেতৃত্বে ছয় যুবকের একটি দল তার মেয়েকে অপহরণের পর ধর্ষণ করে। এরপর থানায় অভিযোগ করতে গেলে তাদের বাধা দেওয়া হয় এবং প্রাণনাশের হুমকি দেওয়া হয়। পরে সালিশের মাধ্যমে ঘটনার বিচারের কথা হলেও আশরাফ হোসেনের অভিযোগ, অভিযুক্তদের সঙ্গে অর্থের বিনিময়ে সমঝোতা করেন স্থানীয় মেম্বার আহম্মদ আলী। মামলার এজাহার অনুযায়ী, গত ২৫ ফেব্রুয়ারি নুরুল ও তার সহযোগীরা মেয়েটিকে ফের অপহরণ করে। পরে বৃহস্পতিবার সকালে সরিষা ক্ষেতে মেয়ের মরদেহ পাওয়া যায় বলে জানান আশরাফ। ময়নাতদন্তের পর আরো বিস্তারিত জানা যাবে বলে জানিয়েছে স্থানীয় পুলিশ।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## সারা দেশে ভূমিকম্প অনুভূত

ঢাকাসহ সারা দেশে ভূমিকম্প অনুভূত হয়েছে। শুক্রবার জুমার নামাজের পর এ ভূ-কম্পন অনুভূত হয়। আবহাওয়া অফিস জানিয়েছে, ভূমিকম্পের উৎপত্তিস্থল সাতক্ষীরা এবং রিখটার স্কেলে এর মাত্রা ৫ দশমিক ৪। আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ফারজানা সুলতানা জাগো নিউজকে এসব তথ্য জানান। ফারজানা সুলতানা বলেন, ভূমিকম্প মাঝারি ধরনের। সাতক্ষীরার আশাশুনিতে ভূমিকম্পের উৎপত্তি হয়েছে। এটি ঢাকার ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্র থেকে ১৮৮ কিলোমিটার দক্ষিণ-পশ্চিম দিকে। এদিকে, যুক্তরাষ্ট্রের ভূ-তাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস বলছে, উৎপত্তিস্থলে ভূমিকম্পের মাত্রা ৫ দশমিক ৩। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## কথা-কাজে মিল রেখে অনিয়মের বিরুদ্ধে জিরো টলারেন্সে প্রধানমন্ত্রী

দায়িত্ব নেওয়ার শুরু থেকেই কথা-কাজে মিল রেখে অনিয়ম ও দুর্নীতির ব্যাপারে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সরকার পরিচালনার দায়িত্ব নিয়ে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি দৃঢ় কণ্ঠে বলেছিলেন, `দলীয় কিংবা রাজনৈতিক প্রভাব-প্রতিপত্তি অথবা জোর-জবরদস্তি নয়, আইনের শাসনই হবে রাষ্ট্র পরিচালনার শেষ

কথা।, এ কথার মাধ্যমে তিনি বিএনপির শীর্ষ থেকে তৃণমূল, সব পর্যায়ের নেতাকর্মীদের স্পষ্ট বার্তা দিয়েছিলেন- দল সরকারে আছে বলে আইন বা প্রশাসনের কাছ থেকে বাড়তি কোনো সুযোগ পাওয়া যাবে না। কেউ অনিয়ম করলে কিছুতেই ছাড় পাবেন না। তার এই বক্তব্য যে নিছক রাজনৈতিক ভাষণ নয়, তা মাত্র কয়েক দিনের মধ্যেই প্রমাণিত হয়েছে। অনিয়ম, দুর্নীতি ও সন্ত্রাসী কার্যক্রমের বিরুদ্ধে জিরো টলারেন্স প্রদর্শন করে কথা ও কাজে মিল রেখে প্রশংসা কুড়াচ্ছে বিএনপি সরকার। দলের নেতা-কর্মীরাও এতটুকু ছাড় পাচ্ছেন না। গত ২৫ ফেব্রুয়ারি একই দিনে মাগুরা, চাঁদপুর ও কিশোরগঞ্জে বিএনপির অভ্যন্তরীণ সংঘর্ষ ও অনিয়মের ঘটনায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা এবং দলীয় শাস্তিমূলক ব্যবস্থায় তারেক রহমানের ঘোষিত অবস্থানের প্রতিফলন দেখা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ আসাদ)

## হত্যা মামলায় শেখ হাসিনা-কাদের-কামালসহ ২৫ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল

চব্বিশের জুলাই আন্দোলন চলাকালে রাজধানীর গুলশানে আবুজর শেখকে গুলি করে হত্যার অভিযোগে করা মামলায় শেখ হাসিনাসহ ২৫ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে পুলিশের এন্টি-টেরোরিজম ইউনিট (এটিইউ)। তদন্ত শেষে দাখিল করা অভিযোগপত্রে বলা হয়েছে, আসামিরা পরস্পরের যোগসাজশে বেআইনি জনতাকে দলবদ্ধ করে উগ্রতা ও বলপ্রয়োগের মাধ্যমে হত্যাকাণ্ড সংঘটনে ভূমিকা রাখেন। তবে চার্জশিটটি আদালতে গ্রহণযোগ্য হবে কি না, সে বিষয়ে এখনো শুনানি হয়নি। এটিইউ-এর উপ-পরিদর্শক ইসরাইল হোসেন গত ১৮ ফেব্রুয়ারি ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের গুলশান থানার সাধারণ নিবন্ধন শাখায় অভিযোগপত্র জমা দেন। শুক্রবার বিকেলে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা উপ-পরিদর্শক মোক্তার হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## ভেঙে পড়া রাষ্ট্রীয় প্রতিষ্ঠান পুনর্গঠনে কাজ করছে নতুন সরকার : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দীর্ঘদিন ধরে ভেঙে পড়া রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে আবারও কার্যকর ও প্রাতিষ্ঠানিক রূপ দিতে কাজ করছে নতুন সরকার। শুক্রবার ঠাকুরগাঁওয়ের হাজীপাড়া হাফেজিয়া মাদ্রাসার বহুতল ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, দীর্ঘদিন ধরে আমরা শুনে আসছিলাম, ফ্যাসিস্ট সরকার রাষ্ট্রীয় বিভিন্ন প্রতিষ্ঠানকে দুর্বল ও অকার্যকর করে ফেলেছিল। নতুন সরকারের সামনে বড়ো চ্যালেঞ্জ হলো, সেসব প্রতিষ্ঠানকে পুনর্গঠন করা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং সুশাসনের কাঠামো পুনঃপ্রতিষ্ঠা করা। তিনি আরও বলেন, আমি সব থেকে বেশি ঋণী ঠাকুরগাঁওয়ের মানুষের কাছে। তারা তাদের মূল্যবান ভোট দিয়ে আমাকে সহযোগিতা করেছেন। তাদের এই আস্থা ও ভালোবাসার প্রতিদান দিতে আমি দায়িত্বশীলভাবে কাজ করতে চাই।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## ধানমন্ডিতে আওয়ামী লীগের ঝটিকা মিছিল, গ্রেফতার ৮

রাজধানীর ধানমন্ডিতে ঝটিকা মিছিলের সময় মহিলা আওয়ামী লীগের সাত নেত্রী ও তাদের বহনকারী মাইক্রোবাসের চালককে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার ভোর সোয়া ৬টার দিকে তাদের গ্রেফতার করা হয়। ডিএমপির ধানমন্ডি জোনের সহকারী কমিশনার শাহ মুস্তফা তারিকুজ্জামান এ তথ্য জানান। তিনি বলেন, ভোরে ধানমন্ডি-২ নম্বর সড়কের স্টার কাবাব রেস্তোরাঁর সামনে থেকে ২০-২৫ জন নারী একটি মিছিল বের করেন। `মুজিব প্রেমিক বাংলার নারীরা, লেখা ব্যানার ও প্ল্যাকার্ড হাতে তারা বিভিন্ন স্লোগান দিতে দিতে ৩ নম্বর সড়কের দিকে যান। পুলিশ কর্মকর্তা তারিকুজ্জামান বলেন, মিছিলের খবর পেয়ে টহলরত মোবাইল টিম ঘটনাস্থলে গেলে মিছিলটি ছত্রভঙ্গ হয়ে নারীরা পালানোর চেষ্টা করেন। এ সময় সাতজন নারীকে গ্রেফতার করা হয়। তাদের বহনকারী হায়েস মাইক্রোবাস জব্দ ও এর চালককে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারদের বিরুদ্ধে ধানমন্ডি থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা হয়েছে বলেও জানান পুলিশের এ কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## ফিলিস্তিনি ভূখণ্ড দখলে ইসরায়েলি পদক্ষেপের নিন্দা বাংলাদেশের

অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড সংযুক্ত করার লক্ষ্যে ইসরায়েলের সাম্প্রতিক ভূমি-সংক্রান্ত আইনকে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন উল্লেখ করে তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। সৌদি আরবের জেদ্দায় ইসলামিক সহযোগিতা সংস্থা ওআইসির পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের উন্মুক্ত নির্বাহী কমিটির বৈঠকে দেওয়া বক্তব্যে এ নিন্দা জানান পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। এসময় অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড সংযুক্ত করার উদ্দেশ্যে ইসরায়েলের সাম্প্রতিক ভূমি ক্রয়-সংক্রান্ত আইনকে দ্ব্যর্থহীনভাবে নিন্দা জানান পররাষ্ট্রমন্ত্রী। শুক্রবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ১৯৬৭ সালের সীমান্ত চুক্তি অনুযায়ী পূর্ব জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠাই চলমান সংকটের একমাত্র টেকসই সমাধান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি পদে বাংলাদেশকে বিভিন্ন দেশের সমর্থন

ফিলিস্তিন ইস্যুতে অনুষ্ঠিত ইসলামিক সহযোগিতা সংস্থা ওআইসির নির্বাহী বৈঠকের সাইড লাইনে জেদ্দায় ব্যস্ত কূটনৈতিক তৎপরতায় সময় পার করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। সৌদি আরব, তুরস্ক, পাকিস্তানসহ একাধিক দেশের শীর্ষ প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বাংলাদেশের জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে প্রার্থিতায় সমর্থন চান। পাশাপাশি ফিলিস্তিন প্রশ্নে বাংলাদেশের দৃঢ় ও ধারাবাহিক অবস্থান পুনর্ব্যক্ত করেন তিনি। শুক্রবার সকালে জেদ্দায় বিভিন্ন দেশের প্রতিনিধিদলের নেতাদের সঙ্গে এসব দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয় বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এসব বৈঠকে পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার, সৌদি আরবের উপ-পররাষ্ট্রমন্ত্রী ওয়ালিদ এ এলখরেইজি, তুরস্কের উপ-পররাষ্ট্রমন্ত্রী মুসা কুলাকলিকায়া, ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী ড. ভারসেন ওহানেস ভার্তান আগাবেকিয়ান এবং গাম্বিয়ার পররাষ্ট্রমন্ত্রী ও নির্বাহী বৈঠকের চেয়ারম্যান সেরিং মদু এনজির সঙ্গে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## নিজেই রাস্তায় নেমেছি, অপরাধীদের ছাড় নেই : মধ্যরাতে মোহাম্মদপুরে আইজিপি

নতুন পুলিশ মহাপরিদর্শক হিসেবে মো. আলী হোসেন ফকির দায়িত্ব নিয়েছেন মাত্র দুইদিন। এর মধ্যে তিনি নিজেই মধ্যরাতে রাজধানীতে নিরাপত্তা ব্যবস্থা সরেজমিনে পরিদর্শনে বের হন। বৃহস্পতিবার দিনগত রাতে রাজধানীর মোহাম্মদপুর এলাকা পরিদর্শনে এসে সাংবাদিকদের মুখোমুখি হন নতুন আইজিপি। তিনি বলেন, নগরবাসীর নিরাপত্তায় আমি নিজেই রাস্তায় নেমে এসেছি। অপরাধী যেই হোক, তাদেরকে কঠোর হস্তে দমন করা হবে। কাউকে ছাড় দেওয়া হবে না। আইজিপি বলেন, কিশোর গ্যাং, ছিনতাইকারী ও মাদক কারবারিদের তৎপরতায় সাধারণ মানুষ ভীতির মধ্যে আছেন। এ কারণে আমি নিজেই পরিস্থিতি পর্যবেক্ষণে রাস্তায় নেমেছি। তিনি বলেন, সন্ধ্যার পর বিশেষ ব্লক রেইড পরিচালনা করে ছিনতাইকারী থেকে শুরু করে মাদক সংশ্লিষ্টদের আইনের আওতায় আনার কার্যক্রম চলছে। বিশ্ববিদ্যালয় জীবনে ১৯৮৬ সালে এক আত্মীয়ের বাসায় যাওয়ার পথে জেনেভা ক্যাম্প এলাকায় নিজেও ছিনতাইয়ের শিকার হয়েছিলেন আইজিপি। সেই অভিজ্ঞতা থেকে তিনি মনে করেন, মোহাম্মদপুর দীর্ঘদিন ধরেই অপরাধপ্রবণ এলাকা, যেখানে নিম্ন আয়ের মানুষের পাশাপাশি ভাঙারি ও বিভিন্ন অবৈধ ব্যবসার বিস্তার রয়েছে। আইজিপি আরও বলেন, রাজধানীতে ফুটপাত দখল হয়ে যাওয়ার পর এখন সড়কও দখলের শিকার। ফলে সাধারণ মানুষের চলাচল ব্যাহত হচ্ছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক না থাকলে অর্থনীতি ও বিনিয়োগ দুটিই ক্ষতিগ্রস্ত হয় বলে মন্তব্য করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## ৫২-৭১-৯০-২৪ ধারণ করে এগিয়ে যেতে হবে : এলজিআরডি মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ৫২, ৭১, ৯০ এবং ২৪-কে ধারণ করে এগিয়ে যেতে হবে। শুক্রবার ঠাকুরগাঁওয়ে বেসরকারি সংস্থা ইএসডিও-এর ইফতার মাহফিলে যোগ দিয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, ”মেডিক্যাল কলেজের প্রাথমিক কাজ শুরু করা হচ্ছে। খুব শিগ্‌গির ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হবে।„ বিমানবন্দর ও ইপিজেড স্থাপনের কার্যক্রম চলমান জানিয়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, ”অল্পদিনে আমরা কাজ শুরু করেছি। কৃষকদের ১০ হাজার টাকা কৃষিঋণ সুদসহ মাফ করা হয়েছে। আমরা যা বলেছিলাম, তা বাস্তবায়নে এগিয়ে যাচ্ছি।„

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## তিন প্রতিশ্রুতি বাস্তবায়নের অঙ্গীকার তথ্যমন্ত্রীর

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী জহির উদ্দিন স্বপন বরিশাল-১ আসনে নির্বাচন পরবর্তী বিভিন্ন উন্নয়নের অঙ্গীকার ঘোষণা করেছেন। তিনি প্রথম পর্যায়ে তিনটি অগ্রাধিকারমূলক কাজ বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়েছেন। গ্রামীণ সড়ক ও জনপদ অবকাঠামো উন্নয়ন, স্কুল-কলেজ-মসজিদ-মাদ্রাসায় শিক্ষা ব্যবস্থার উন্নয়ন এবং মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠনের অঙ্গীকার ব্যক্ত করেছেন মন্ত্রী। শুক্রবার বিকেলে বরিশাল সার্কিট হাউজে জাগো নিউজকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে এসব প্রতিশ্রুতি দেন জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, ”আমি কথা দিতে নয়, কাজ করতে এসেছি। জনগণের আস্থা ও সহযোগিতায় আমরা একটি আধুনিক, উন্নত ও নিরাপদ এলাকা গড়ে তুলবো।„ মন্ত্রী বলেন, গ্রামীণ সড়ক ও অবকাঠামো উন্নয়নের প্রথম শর্ত যোগাযোগ ব্যবস্থা। সড়ক ভালো না হলে কৃষি, ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা সবই বাধাগ্রস্ত হয়। তাই এলাকায় ভাঙাচোরা ও কাঁচা সড়কগুলো দ্রুত সংস্কার ও পাকা করার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি, গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়কগুলো প্রশস্তকরণ, ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন এবং প্রয়োজনে নতুন সেতু-কালভার্ট নির্মাণের পরিকল্পনাও রয়েছে। এরই মধ্যে এসব কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## ভিসা কার্যক্রম স্বাভাবিক করতে ভারত ইতিবাচক : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

পররাষ্ট্র প্রতিমন্ত্রী ও ফরিদপুর-২ আসনের সংসদ সদস্য শামা ওবায়েদ ইসলাম বলেছেন, বাংলাদেশিদের জন্য ভারতীয় ভিসার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। ভারতের সঙ্গে কথা হয়েছে। ভারতের হাইকমিশনার আসছেন। উনারা ইতিবাচক যেন ভিসা কার্যক্রম স্বাভাবিক হয়ে যায়। তিনি বলেন, আমাদের দেশের নাগরিকরা যাতে ওখানে যেতে পারে, সেই ব্যবস্থা উনারা করছেন। সেটা নিয়ে আমাদের পররাষ্ট্র মন্ত্রণালয়ও কাজ করছে। শুক্রবার বিকেলে ফরিদপুরের সালথা উপজেলার বল্লভদী, সোনাপুর ও যদুনন্দী ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সংগঠনের আয়োজনে ফুলবাড়িয়া উচ্চ বিদ্যালয়ের মাঠে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য এসব কথা বলেন শামা ওবায়েদ। প্রতিমন্ত্রী বলেন, ”নির্বাচন-পরবর্তী সময় উপজেলার প্রতিটি ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে, আইন-শৃঙ্খলা বজায় রাখতে হবে। শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখতে হবে। দল-পক্ষের নামে মারামারি-কোন্দল বন্ধ করতে হবে।„ (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ আসাদ)

## বগুড়া-৬ আসনের উপ-নির্বাচনে অংশ নিচ্ছে জামায়াত

বগুড়া-৬ সদর আসনের উপ-নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছে জামায়াতে ইসলামী। দলটির কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে শুক্রবার সকালে দায়িত্বশীল সমাবেশের মাধ্যমে বগুড়া শহর জামায়াত উপ-নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে ঘোষণ করে। বগুড়া শহর জামায়াতের যুব ও ক্রীড়া সম্পাদক আব্দুস ছালাম তুহিন জানান, কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে বগুড়া-৬ আসনের উপ-নির্বাচনে শহর জামায়াতের আমির ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য আবিদুর রহমান সোহেলকে প্রার্থী ঘোষণা করা হয়েছে। শুক্রবার জরুরি দায়িত্বশীল বৈঠক করে এই সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হয়েছে। শনিবার সকালে মনোনয়নপত্র সংগ্রহ করা হবে। এর আগে, ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে বগুড়া-৬ আসনে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান সংসদ সদস্য নির্বাচিত হন। জামায়াত প্রার্থী আবিদুর রহমান সোহেল সেই নির্বাচনে দ্বিতীয় হয়েছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## অর্ধশতাধিক আসনে পরিকল্পিতভাবে জামায়াত প্রার্থীদের হারিয়ে দেওয়া হয়েছে : গোলাম পরওয়ার

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সদ্য সমাপ্ত নির্বাচনে ভোটগ্রহণ সুষ্ঠু হলেও ভোট গণনা, ফলাফল তৈরি করা ও ফলাফল ঘোষণার সময় ব্যাপক ইঞ্জিনিয়ারিং করা হয়েছে। জামায়াতের বিজয় ঠেকাতে প্রায় ৫০টিরও বেশি আসনে পরিকল্পিতভাবে সামান্য ব্যবধানে জামায়াতের প্রার্থীদের হারিয়ে দেওয়া হয়েছে। শুক্রবার দুপুরে ময়মনসিংহ নগরীর টাউন হল মোড়ের তারেক স্মৃতি অডিটোরিয়ামে মহানগর জামায়াতের রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, অন্যবারের মতো ভোটকেন্দ্রে যেতে বাধা বা বড়ো কোনো সহিংসতার ঘটনা ছিল না। ভোটাররা স্বতঃস্ফূর্তভাবে দাঁড়িপাল্লার পক্ষে রায় দিয়েছেন। কিন্তু রাত ৯টার পর রহস্যজনকভাবে মিডিয়াতে ফলাফল প্রচার বন্ধ করে দেওয়া হয়। মূলত ভোট গণনা, ফলাফল তৈরি ও ঘোষণার সময় কারচুপি করা হয়েছে। নির্বাচন কমিশনকে কিছু সংশয় দূর করতে হবে উল্লেখ করে মিয়া গোলাম পরওয়ার বলেন, নির্বাচনে এজেন্টদের বের করে দেওয়া হয়েছে, ভোট শেষ হওয়ার আগেই প্রিসাইডিং কর্মকর্তারা এজেন্টদের কাছ থেকে কাগজে স্বাক্ষর নিয়ে নিয়েছেন, অথচ এটার কোনো সুযোগ নেই। এ জন্য সন্দেহ জাগে যে, রেজাল্ট শিটে ঘষামাজা, কাটাছেঁড়া করে ফলাফলকে বিভিন্ন জায়গায় ইঞ্জিনিয়ারিং করা হতে পারে, এ সংশয় আমাদের মধ্যে তৈরি হয়েছে। নির্বাচন কমিশনকে এটি দূর করতে হবে। যে-সব আসন থেকে লিখিত অভিযোগ আমরা নির্বাচন কমিশনে দিয়েছি, সেসব তদন্ত করা, সেই ব্যালটগুলোকে হেফাজত করে পুনর্গণনা করে জাতির সামনে সত্য উন্মোচন করা উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## জানুয়ারিতে দেশে ৩৫টি ধর্ষণের ঘটনা ঘটেছে : আসক

চলতি বছরের জানুয়ারি মাসে বাংলাদেশে নারী ও শিশু নির্যাতন, সীমান্ত সহিংসতা এবং সাংবাদিক হেনস্তাসহ বিভিন্ন মানবাধিকার লঙ্ঘনের ঘটনা উদ্বেগজনক মাত্রায় বেড়েছে। মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্র আসকের দেওয়া তথ্য অনুযায়ী, শুধু নারী নির্যাতনের ক্ষেত্রে জানুয়ারিতে ৩১টি পারিবারিক পরিবেশে চালানো সহিংসতা, ৩৫টি ধর্ষণের, ২টি যৌন হেনস্তার এবং ৬টি কন্যা বিবাহ ও দাম্পত্য বিষয়ক সহিংসতার ঘটনা ঘটেছে। শুক্রবার রাতে আইন ও সালিশ কেন্দ্রের `বাংলাদেশে মানবাধিকার পরিস্থিতি: জানুয়ারি ২০২৬, শীর্ষক এক প্রতিবেদনে এই তথ্য উঠে আসে। প্রতিবেদনটিতে নারী নির্যাতনের ধরন অনুযায়ী দেখা গেছে, গৃহহিংসার সংখ্যা সবচেয়ে বেশি (৩১), যা পরিবার ও সমাজে নারীর নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থতার প্রমাণ। ধর্ষণের ৩৫টি ঘটনা এবং যৌন হেনস্তার ২টি ঘটনা নারী নির্যাতনের ভয়াবহতা তুলে ধরেছে। পাশাপাশি, যৌতুক সম্পর্কিত সহিংসতার ঘটনা ৬টি এবং গৃহকর্মী নারীর ওপর সহিংসতার ঘটনা ১টি। আশার কথা হলো, অ্যাসিড হামলার কোনো ঘটনা জানুয়ারি মাসে ঘটেনি। শিশু নির্যাতনেও উদ্বেগজনক পরিস্থিতি লক্ষ্য করা গেছে। জানুয়ারি মাসে শিশুদের ওপর সহিংসতার ৩৫টি ঘটনা ঘটেছে এবং শিশু হত্যার

ঘটনা ২৫টি হিসেবে নথিভুক্ত হয়েছে। এটি সমাজের সবচেয়ে দুর্বল অংশের নিরাপত্তা সংকটে থাকার চিত্র তুলে ধরে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ আসাদ)

## এনসিপির প্রতিষ্ঠাবার্ষিকীর ইফতারে স্বরাষ্ট্রমন্ত্রীকে দাওয়াত

জাতীয় নাগরিক পার্টির প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ইফতার মাহফিলে স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদকে দাওয়াত দিয়েছে দলটি। বৃহস্পতিবার রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে এক পোস্টে বিষয়টি নিশ্চিত করেছেন এনসিপির সদস্যসচিব আখতার হোসেন। ফেসবুক পোস্টে তিনি লেখেন, `দেশ যাবে নতুন পথে, ফিরবে না আর ফ্যাসিবাদে, প্রতিপাদ্যকে সামনে রেখে অনুষ্ঠিত হতে যাচ্ছে এনসিপির প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী। ধানমন্ডি আবাহনী মাঠে অনুষ্ঠিতব্য ইফতার মাহফিলের মধ্যদিয়ে শুরু হতে যাচ্ছে প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি। ইফতারের দাওয়াত গ্রহণ করেছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০২.২০২৬ আসাদ)

## খুলনায় দুর্বৃত্তদের হামলায় যুবদল নেতা নিহত

খুলনায় মুরাদ খান নামের এক যুবদল নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। তিনি খুলনার দিঘলিয়া উপজেলার সেনহাটি ইউনিয়ন যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক ছিলেন। শুক্রবার বিকেলে উপজেলার সেনহাটি বকশীবাড়ি কবরস্থানের সামনে এ ঘটনা ঘটে। নিহত মুরাদ খান উপজেলার হাজীগ্রামের খান মুনসুর আলীর ছেলে। স্থানীয়রা জানান, মুরাদ খান খুলনা থেকে নিজ বাড়িতে যাচ্ছিলেন। পথে সেনহাটী মিয়া পাড়া মসজিদের কাছে পৌঁছালে কয়েকজন যুবক তার গতিরোধ করেন। এসময় মুরাদ দৌড়ে একটি দোকানে আশ্রয় নিলে অস্ত্রধারীরা সেখান থেকে ধরে নিয়ে ধারালো অস্ত্র দিয়ে এলোপাথাড়ি কোপাতে থাকেন। তিনি নিস্তেজ হয়ে পড়লে অস্ত্রধারীরা চলে যান। পরে স্থানীয় লোকজন মুরাদকে উদ্ধার করে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে জরুরি বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০২.২০২৬ আসাদ)

# BBC

## CHINA REMOVES NINE MILITARY OFFICIALS AHEAD OF KEY POLITICAL MEETING

China has removed 19 officials, including nine from the military, from its list of lawmakers ahead of its biggest annual political meeting next week. The removals were announced by the country's top legislative body, the National People's Congress (NPC) Standing Committee. No official reason for the removal has been given, but it comes just weeks after President Xi Jinping removed Zhang Youxia, his highest-ranking general and also one of his closest military allies, from his role. Since coming to power, Xi has launched waves of anti-corruption drives, calling corruption "the biggest threat" to the Communist Party. However, some critics say it has been used as a tool to purge political rivals.
(BBC News Web Page: 27/02/26, FARUK)

## AMERICAN CITIZEN AMONG THOSE KILLED IN CUBA BOAT SHOOTING

At least one American citizen was shot dead and another injured by Cuban officials intercepting a speedboat off its coast on Wednesday, a US official has said. Border guards shot dead four people and injured the remaining six abroad the Florida-registered speedboat. Cuba accused the 10 people on the boat of planning "an infiltration with terrorist aims" and said they opened fire first. A third person was on a US K-1 visa - for fiancees of American citizens - the US official said. The boat's owner alleged the vessel had been stolen by an employee. US Secretary of State Marco Rubio had said Washington was investigating the "highly unusual" incident. (BBC News Web Page: 27/02/26, FARUK)

## DANISH PM CALLS SNAP ELECTION WITH GREENLAND ISSUE CENTRE-STAGE

Danish Prime Minister Mette Frederiksen has announced early elections - hailing the next four years as "decisive" for her country. "We as Danes and as Europeans will really have to stand on our own feet," Frederiksen told parliament. "We need to define our relationship with the United States," she added. The past few months of Danish politics have been dominated by US President Donald Trump's threats to annex Greenland - a semi-autonomous Danish territory. Last month, Trump dropped threats to use force against the fellow Nato ally to seize the Arctic island he argues is necessary to defend against possible attacks from Russia and China. (BBC News Web Page: 27/02/26, FARUK)

## US-IRAN TALKS END AFTER 'SIGNIFICANT PROGRESS': MEDIATOR

US and Iranian officials have made "significant progress" in high-stakes nuclear talks in Geneva, Omsn's foreign minister has said, but the chances of a deal that could avert a war remain. Badr Albusaidi, who was mediating, said the two sides planned to resume

negotiations "soon" after consultations in their capitals, and technical-level discussions would take place next week in Vienna. Iran's Foreign Minister Abbas Araghchi, who led his country's delegation, said "good progress" had been made and while there had been agreement on some issues, differences remained on others. He said more negotiations would happen in a less than a week. There has been no official reaction from the US.
(BBC News Web Page: 27/02/26, FARUK)

**EU STATES TOLD TO USE EXISTING FUND FOR SAFE ABORTIONS AFTER CITIZENS PETITION**

The European Commission has told member states they can use existing EU funding to pay for safe abortions, after a citizens initiative attracted 1.1 million signatures to help women without access to safe and legal terminations. The My Voice, My Choice group behind the initiative has hailed the decision as a victory for women in Europe and a political commitment to women's rights. But the Commission stopped short of creating any new funding facility to enable women in areas of Europe that do not provide abortions to travel to parts that do. Health policy in the EU is a national competence, but by proposing the existing "European Social Fund Plus" the Commission says each member state can decide how they use it. (BBC News Web Page: 27/02/26, FARUK)

**PAKISTAN DEFENCE MINISTER SAYS COUNTRY IN 'OPEN WAR' WITH AFGHANISTAN AFTER STRIKES**

Pakistan's defence minister has said the country is in "open war" with Afghanistan, after Islamabad launched airstrikes on Kabul as part of a wave of attacks across the country. "Our patience has now run out," said Khawaja Muhammad Asif following the attacks. The strikes came after the Afghan Taliban announced a major offensive against Pakistani military posts near the border on Thursday night. The latest attacks follow months of clashes between the two neighbouring nations, despite agreeing to a fragile ceasefire in October. Last year's negotiations failed to reach a broader agreement for a complete end to hostilities, with both sides blaming each other for not engaging seriously with talks.
(BBC News Web Page: 27/02/26, FARUK)

**AT LEAST 55 GHANAIANS KILLED IN RUSSIA-UKRAINE WAR: MINISTER**

At least 55 Ghanaians have been killed fighting in the war in Ukraine, with two others currently held as prisoners of war, Ghana's foreign affairs minister says. On a trip to Kyiv, Samuel Okudzeto Ablakwa said that about 272 Ghanaians are believed to have been lured into the conflict since 2022, citing Ukrainian authorities. Ablakwa described the figures as "depressing and frightening," saying Ghana "cannot turn a blind eye to these heartbreaking statistics". He did not say whose side the Ghanaians had been fighting on but Ukraine's foreign minister said on Wednesday that more than 1,700 people from 36 countries in Africa had been recruited to fight for Russia. (BBC News Web Page: 27/02/26, FARUK)

**MASS GRAVES WITH 171 BODIES FOUND IN EASTERN DR CONGO: REPORT**

Congolese authorities and a civil society group have said that mass graves were found in a part of eastern Democratic Republic of the Congo (DRC) where the M23 rebel group has recently withdrawn from, as fighting in the region escalates despite a United States-mediated peace deal. The governor of South Kivu province, Jean-Jacques Purusi, told The Associated Press news agency on Thursday that authorities found two mass graves with at least 171 bodies in the Kiromoni and Kavimvira neighbourhoods on the outskirts of the eastern city of Uvira. "At this stage, we have identified two sites: one mass grave containing approximately 30 bodies in Kiromoni, not far from the Burundian border on the Congolese side, and another in Kavimvira where 141 bodies were found," Purusi told AP over the phone.
(BBC News Web Page: 27/02/26, FARUK)

## :: THE END ::